চুয়াডাঙ্গার সাড়াবাড়িয়ায় ৮ম শ্রেনীর ছাত্রের গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা

চুয়াডাঙ্গা সদর উপজেলার সাড়াবাড়িয়া গ্রামের ৮ম শ্রেনীর ছাত্র ইয়ামিন (১২) গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছে।

গতকাল বৃহস্পতিবার সাড়ে ১১ টার দিকে নিজ বাড়ির শয়ন কক্ষে ঘরের আড়ার সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে। ইয়ামিন চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার সাড়াবাড়িয়া গ্রামের আতিয়ারের ছেলে।

দর্শনা পুলিশ জানায়, গত বুধবার সাড়াবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেনীর ছাত্র। মা বাবার সাথে ইয়ামিনের কথাকাটাকাটি হয় এবং তার পরিক্ষা খারাপ হওয়ায় বাবা মা তার বকা ঝকা করলে সে সহ্য করতে না পেরে নিজ ঘরের শয়ন কক্ষে গলায় দড়ি দেয়।পরে পরিবারের লোকজন দেখে তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক নুর জাহান তাকে মৃত্য ঘোষনা করে।

দর্শনা থানার ওসি তদন্ত আমানুল্লাহ আমান জানান, ইয়ামিনের ২টি পরিক্ষা খারাপ হওয়ায় আজ বৃহস্পতিবার পরিক্ষা না দিতে যাওয়ায় বাবা মা খারাপ আচরন করায় ইয়ামিন যন্ত্রনা সইতে না পেরে আত্নহত্যর পথ বেচে নেয়।

দামুড়হুদায় সড়ক দুর্ঘটনায় মোটরসাইকেল চালক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় মাটরসাইকল-পিকআপ ভ্যানের সংঘর্ষ মোটরসাইকেল চালক শামিম হোসেন(৩০) নিহত হয়ছ। শামিম হোসেন দামুড়হুদা উপজলার লোখনাথপুর গ্রামর শাহাবুল হাসানের ছেলে ও দামুড়হুদার চিৎলার মায়ের দোয়া বিস্কুট ফক্টারির কর্মচারী।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিক চুয়াডাঙ্গা-জীবননগর মহা সড়কের দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের অদুরে এই দুর্ঘটনা ঘটে। প্রত্যক্ষদশীরা জানায়,শামিম হোসেন মোটরসাইকেল যোগে দামুড়হুদার চিৎলায় কর্মক্ষেত্র বিস্কুট ফক্টারিতে আসছিল।এসময় ওদুদ শাহ ডিগ্রি কলেজের অদুরে শখ ইটভাটার নিকট পোছালে বিপরিত দিক থেকে আশা একটি পিকআপভ্যানর সাথে তার ধাক্কা লাগে। এতে সে পিচ সড়কর উপর সিটকে পড়ে মারাত্নক আহত হয়। পথচারীরা তাকে উদ্ধার করে দামুড়হুদা উপজলা স্বাস্হ্য কমপ্লক্সে নিলে বর্হিবিভাগের কর্মরত চিকিৎসক ডা. আফরিন আক্তার তাক মৃত্য ঘোাষনা করেন।

দামুড়হুদা মডল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত কর বলন চালকসহ পিকআপভ্যনটি আটক করা হয়েছে

আলমডাঙ্গার কুমার নদের বাঁধ অপসারণ

আলমডাঙ্গার কুমার নদে প্রায় তিন কিলোমিটার বাঁধ অপসারণ করেছে উপজেলা প্রশাসন। বৃহস্পতিবার সকাল থেকে ডাউকি ইউনিয়নের হাউসপুর থেকে বকসিপুর ব্রিজ পর্যন্ত দখল কবলে পড়া এ নদীর বাঁধ অপসারণ করে। বাঁধ অপসারণের পরেই জিকে প্রকল্পের পানি কুমার নদে ছেড়ে উন্মূক্ত করে পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তারা। দীর্ঘদিন পর উন্মূক্ত হলেও খুশি স্থানীয়রা।

স্থানীয় সূত্রে জানাযায়,চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলা অংশে একটি মাথাভাঙ্গা নদী ও দুটি কুমার নদ ও ভাটুই নদ। বর্তমানে মাথাভাঙ্গা নদী জলস্রোত অব্যাহত থাকলেও নদ দুটি প্রায় মৃত। দখল ভরাটের কবলে নাব্যতা হারিয়েছে অনেক আগেই। খননের অভাবে নদ দুটি খালে পরিণত হয়েছে।

বিগত দিনে এ দুটি নদ জলস্রোতের কারণে নৌকা ও ছোট-বড় পণ্যবাহী জাহাজ চলাচল করতো। দেশীয় মাছের চাহিদা অনেকটাই পূরণ হতো এ নদ থেকে। বর্তমানে নদী শাসনের অভাবে ও ক্ষমতাসীনদের দখলের কারণে নদটি আজ বিলীন। চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা সীমানায় প্রায় ৩৩

কিলোমিটার কুমার নদ।

বকসিপুর গ্রামের প্রবীন ব্যক্তি আব্দুর রহিম বক্স বলেন, কালের বিবর্তনে হারিয়ে যাচ্ছে এ কুমার নদটি। এ নদটির উৎপত্তি স্থল হাটবোয়ালিয়ার মাথাভাঙ্গা নদী থেকে। যা মিলেছে চিত্রা নদীতে। বর্তমানে মাথাভাঙ্গা নদী আজও ইতিহাসে স্বরনীয় হয়ে আছে। কালের পরিক্রমায় হারিয়ে যাচ্ছে আলমডাঙ্গা উপজেলার প্রত্যান্ত অঞ্চলের ঐতিহ্যবাহী কুমার নদ।

দীর্ঘদিন পর হলেও বাঁধ অপসারণের মাধ্যমে আবারো দেশীয় প্রজাতির মাছ উৎপন্নের পাশাপাশি পূর্ণরায় নদকে খনন করলে আবারো সেই জলস্রোত ধারার কুমার নদ তার আপন গতি ফিরে পাবে।

বর্তমানে আলমডাঙ্গা উপজেলার কৃষি সরবরাহকৃত পানি জোগান দেয় কুমার নদ। জিকে সেচ প্রকল্পের পানির মাধ্যমে পশ্চিমাঞ্চলীয় এলাকা হিসাবে পরিচিত উপজেলার কয়েকটি ইউনিয়নের মানুষ নির্ভর। কুমার নদ দখল করে কিছু অসাধু ক্ষমতাসীন ব্যাক্তিরা মৎস্য চাষের খামার তৈরি করেছে।

চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ডের উদ্যোগে কুমার নদের বাঁধ অপসারণ করে উপজেলা প্রশাসন।

গাংনীতে ৬২ বোতল ফেনসিডিলসহ একজন আটক

র্যাপিড এ্যকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্পের একটি টীম অভিযান চালিয়ে ৬২ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী নিহাজ মন্ডল
(৫০) কে আটক করেছে।

আজ বৃহস্পতিবার (৯ জুন) বিকালে গাংনী উপজেলার লক্ষীনারায়নপুর গ্রামে বিশেষ অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক নিহাজ মন্ডল গাংনী উপজেলার সীমান্তবর্তি খাসমহল গ্রামের কাদের মন্ডেল ছেলে। এসময় তার কাছ থেকে একটি মোবাইল ফোন ও দুটি সিমকার্ড উদ্ধার করা

হয়েছে। র্যাব-৬ গাংনী ক্যাম্পের কমান্ডার এএসপি তারেক আল বান্নার নেতৃৃত্বে এ অভিযান চালান র্যাবের আভিযানিক দলটি।

র্যাব-৬, সিপিসি-২, গাংনী ক্যাম্পের কমান্ডার তারেক আল বান্না বলেন, গোপন সংবাদের মাধ্যমে খবর আসে গাংনী উপজেলার লক্ষীনারায়ণপুর গ্রাম এলাকায় মাদক কারবারীরা নেশা জাতীয় মাদকদ্রব্য ক্রয়-বিক্রয়ের জন্য অবস্থান করছে। এমন তথ্যের ভিত্তিতে র্যাবের দলটি অভিযান চালায়।

জব্দকৃত আলামত ও গ্রেফতারকৃত আসামীকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে। এঘটনায় গাংনী থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে হেরোইনসহ দেবর-ভাবি গ্রেফতার

৫ গ্রাম হেরোইনসহ দেবর শামীম খা(৪০) ও ভাবী শাহানাজ বেগম (৪৬) কে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) । গ্রেফতারকৃত শামীম খাঁ মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়া এলাকার মৃত আব্দুর রহমানের ছেলে ও শাহানাজ বেগম রায়হান খাঁ’র স্ত্রী।
আজ বৃহস্পতিবার (৯ জুন) সন্ধ্যায় মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়া এলাকায় ডিবি পুলিশের দলটি গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন। এসময় শামীম খাঁ’র কাছ থেকে ৩ গ্রাম ও শাহানাজ বেগমের কাছ থেকে ২ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।
ডিবি পুলিশের উপপরিদর্শক (এসআই) অজয় কুমার কুন্ডু’র নেতৃত্বে এসআই বিশ্বজিৎ সরকার, এএসআই মাহাতাব উদ্দীনসহ সঙ্গীয় ফোর্সসহ অভিযানে অংশ নেন।
ডিবি পুলিশের উপপরিদর্শক (এসআই) অজয় কুমার কুন্ডু জানান, আটকরা যৌথভাবে হেরোইন ব্যবসা চালাচ্ছে বিষয়টি নিশ্চিত হয়ে একযোগে তাদের বাড়িতে এক সাথে অভিযান চালানো হয়।
তিনি আরও জানান, শামীম খাঁ’র বিরুদ্ধে আরও ৫ টি মাদক মামলা বিচারাধীন আছে। এছাড়া শাহানাজ বেগমের স্বামী রায়হান খাঁ মাদক

আইনের মামলায় জেল হাজতে রয়েছেন। স্বামী জেলে থাকলেও স্ত্রী শাহানাজ বেগম দেবর শামীম খাঁর সাথে হেরোইন সহ অন্যান্য মাদকের ব্যবসা চালিয়ে আসছিলেন।
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মেহেরপুর সদর থানায় সোপর্দের প্রস্তুতি চলছে।

কুষ্টিয়ায় ট্রাকের ধাক্কায় ভ্যানচালক নিহত

কুষ্টিয়ায় ‘বেপরোয়া গতির’ ট্রাকের ধাক্কায় শাহেদ আলী নামে এক ভ্যানচালক নিহত হয়েছেন। বৃহস্পতিবার সকাল সোয়া ১০ টার দিকে কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কের বটতৈল এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত শাহেদ আলী জেলার কুমারখালী উপজেলার মহেন্দ্রপুর গ্রামের চাঁদ আলীর ছেলে।

কুষ্টিয়া হাইওয়ে পুলিশের ওসি ইদ্রিস আলী ঘটনার সত্যতা স্বীকার করে জানান, সকালে শাহেদ আলী একটি মুরগি বোঝাই ভ্যান নিয়ে কুষ্টিয়া শহরের দিকে আসছিলেন।

পথে বটতৈল নামক স্থানের জিএসএম ইন্টারন্যাশনাল লিমিটেড এর সামনে এসে পৌঁছালে একটি বেপরোয়া গতির ট্রাক পেছন থেকে শাহেদ আলীকে চাপা দিলে ঘটনাস্থলেই তিনি মারা যান।

দুর্ঘটনার পর ট্রাকের চালক ও হেলপার পালিয়ে গেলেও ট্রাকটি পুলিশ হেফাজতে নিয়েছে । নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

কোটচাঁদপুরে নব-নির্বাচিত নেতৃবৃন্দের সংবর্ধনা ও স্থানীয় বিএনপি’র পরিচিতি সভা অনুষ্ঠিত

কোটচাাঁদপুর জেলা বিএনপি’র নব-নির্বাচিত নেতৃবৃন্দের সংবর্ধনা দিয়েছেন কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি’র। বৃহস্পতিবার বিকালে উপজেলা বিএনপির কার্যালয়ে এ সংবর্ধনা দেওয়া হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর পৌর বিএনপির ও সাবেক মেয়র এ এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাড এম এ মজিদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারন সম্পাদক মোঃ জাহিদুজ্জামান মনা, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মোঃ সাজেদুর রহমান পপ্পু,সাবেক সহসভাপতি মোঃ আবু বক্কর বিশ্বাস, কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি মোঃ আব্দুর রাজ্জাক, মহেশপুর উপজেলা বিএনপির সভাপতি মোঃ মেহেদী হাসান রনি,মহেশপুর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক মোঃ দবির উদ্দিন বিশ্বাস, মহেশপুর পৌর বিএনপির সভাপতি মোঃ আমিরুল ইসলাম খান চুন্নু কোটচাঁদপুর পৌর বিএনপির সাধারন সম্পাদক মোঃ আবুল কাশেম, কোটচাঁদপুর পৌর সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু।

এ ছাড়া উপস্হিত ছিলেন সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, উপজেলা বিএনপির সহ-সভাপতি সাইফুর রহমান, উপজেলা বিএনপি’র দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম, সাফদারপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ফরিদ আহম্মেদ, বলুহর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আশরাফ আলী, দোড়া ইউনিয়ন বিএনপি’র সভাপতি মিজানুর রহমান শান্টু, উপজেলা যুবদল নেতা আশরাফুজ্জামান খাঁন মুকুল, প্রমূখ। এ অনুষ্ঠানে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দের পরিচিতি সভা করা হয়। সার্বিক অনুষ্ঠান পরিচালনা করেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক মোঃ লিয়াকত আলী।

মেহেরপুর জেলা ছাত্রলীগ ও সাবেক ছাত্র নেতাদের নৌকা সমর্থনে গণসংযোগ

মেহেরপুরে ব্যাপক গণসংযোগ চালালেন ছাত্রলীগ ও সাবেক ছাত্রলীগ নেতৃবৃন্দ। মেহেরপুর পৌরসভার দলীয় মেয়র প্রার্থী মাহফুজুর রহমান রিটনের পক্ষে গণসংযোগ, লিফলেট বিতরণ ও ভোটারদের কাছে ভোট চাইলেন জেলা ছাত্রলীগের নেতৃবৃন্দ।

বৃহস্পতিবার মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়ক কোট, হোটেল বাজার ও বড়বাজার এলাকায় বিকাল থেকে সন্ধ্যা পর্যন্ত এ গণসংযোগ চালান তারা।

মেহেরপুর জেলা ছাত্র লীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের নেতৃত্বে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান, জেলা স্বেচ্ছাসেবক লীগ আহবায়ক আরিফুল এনাম বকুল, সাবেক ছাত্রনেতা ও জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সাফওয়ান আহমেদ রূপক, বারিকুল ইসলাম লিজন, জেলা ছাত্রলীগের সহ সভাপতি দুলাল মাহমুদ, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকারনাইন বায়োজিদ, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিনসহ অন্যান্য নেতৃবৃন্দ ব্যাপক গণসংযোগ চালান।

এসময় তারা নৌকা মার্কায় ভোট চান এবং লিফলেট বিতরণ করেন।

গাংনীতে ইটভাটায় অভিযান চালিয়ে ২০ হাজার টাকা জরিমানা

গাংনী উপজেলার পশ্চিম মালশাদহ গ্রামে অভিযান চালিয়ে আকমল সুপার ব্রিকস নামের একটি ইটভাটাতে অভিযান চালিয়ে ভাটার ম্যানেজারকে ২০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালতের নির্বাহী অফিসার ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম।

আজ বৃহস্পতিবার (৯ জুন) দুপুরের দিকে পশ্চিম মালশাদহ গ্রামের আকমল সুপার ব্রিকস নামের ওই ইটভাটার ম্যানেজার জয়নাল আবেদীনকে এ জরিমানা করেন তিনি।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী অফিসার ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম বলেন, ইটভাটা প্রস্তুত ও ভাটা নিয়ন্ত্রণ আইন ২০১৩ এর ১৫ এর ১(ক) ধারায় অপরাধ প্রমানিত হওয়ায় তাকে এ জরিমানা করেন তিনি।

কৃষি জমি রক্ষার্থে ও বিভিন্ন সড়কে মাটি ফেলে যারা গণ উপদ্রব সৃষ্টি করবে তাদের বিরুদ্ধেই ভ্রাম্যমান আদালত পরিচালিত হবে। জনগণের ভোগান্তি লাঘবে উপজেলা প্রশাসনের এ অভিযান অব্যাহত থাকবেবলেও জানান তিনি।

মেহেরপুরে বসুন্ধরা ও কিং ব্র্যাণ্ড সিমেন্টের হালখাতা

মেহেরপুরে দেশের সর্ববৃহৎ শিল্প প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপের ‘বসুন্ধরা সিমেন্ট’ ও ‘কিং ব্র্যাণ্ড সিমেন্টে’র হালখাতা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩ টার সময় মেহেরপুর বড় বাজারে অনুষ্ঠিত হালখাতা অনুষ্ঠানে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ করা হয়।

কিং ব্র্যাণ্ড সিমেন্টের ডিলার মো: গোলাম মুর্শিদ চন্দনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বসুন্ধরা গ্রুপের সিমেন্ট সেক্টরের জিএম আব্দুল লতিফ।

তিনি বলেন, বাংলাদেশ এখন শিল্পায়নে ভাল অবস্থানে আছে, এগিয়ে যাচ্ছে দেশ। দেশীয় শিল্প প্রতিষ্ঠানগুলো বাঁচিয়ে রাখতে হবে। তাই দেশীয় শিল্প প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়ীদের থাকাতে হবে। তিনি বলেন, বসুন্ধরা গ্রুপের সকল পণ্যই মানসম্মত ভাবে তৈরী হয়ে থাকে। তাই কোম্পানীর সাথে থেকে ব্যবসা করার আহবান জানাচ্ছি। গ্রাহকদের কাছে সততা ও বিশ্বস্ততা দিয়ে মন জয় করতে হবে ব্যবসায়ীদের। বসুন্ধরা গ্রুপের প্রতিটি পণ্য বাজারের সেরা। তিনি সকল খুচরা ব্যবসায়ীদের দৃষ্টি আকর্ষন করে বলেন, দায়ীত্ববোধের যায়গা থেকেই ভাল জিনিস বিক্রি করবেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন বসুন্ধরা গ্রুপ, সিমেন্ট সেক্টরের ডিজিএম পলাশ আক্তার, কিং ব্যান্ড সিমেন্ট সেক্টরের এজিএম, মোহাম্মদ জিয়াউর রহমান, বসুন্ধরা গ্রুপ সিমেন্ট সেক্টরের এ.এস.এম মোঃ মামুন শিকদার, কিং ব্যান্ড সিমেন্ট সেক্টরের এরিয়া ম্যানেজার সাইফুল ইসলাম শোভন, বসুন্ধরা সিমেন্ট সেক্টরের টিএসএম মাসুদ ছালা উদ্দীন।

বসুন্ধরা সিমেন্টের ডি.এস.আই মোঃ জাফরুল ইসলামের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেসার্স জিএন এন্টারপ্রাইজের স্বতাধিকারী মো: গোলাম শহিদ। অনুষ্ঠানে জেলার বিভিন্ন এলাকার ৮০ জন রিটেইলার ও প্রকৌশলীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিগত বছরগুলোতে ভাল ব্যবসা করায় এলাকার ৭ জন শ্রেষ্ট বিক্রেতাকে উপহার ও অন্যান্যদের সাধারণ উপহার প্রদান করা হয়।

এদের মধ্যে বিগত বছরে সর্ব্বোচ্চ ব্যবসা করার জন্য মুজিবনগর এন্টারপ্রাইজকে, মেসার্স রাজ এন্টারপ্রাইজ, তৌফিক এন্টারপ্রাইজ, ইয়ারুল ট্রেডার্স, খোকা ট্রেডার্স ও বিশ্বাস হার্ডওয়ারকে টেলিভিশন, ফ্রীজসহ বিভিন্ন উপহার সামগ্রী প্রদান করা হয়। এছাড়া বাকী ব্যবসায়ীদের অন্যান্য উপহার সামগ্রী প্রদান করা হয়।